

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ২৬, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ১০ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ / ২৪ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও নং-২৭১-আইন/২০২৫/৩১৪-মুসক।—জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫ এ প্রদত্ত ক্ষমতাবলে, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরিউক্ত বিধিমালার—

(১) ফরম “মুসক-৪.৩” এর বিশেষ দৃষ্টব্য অংশের ক্রমিক নং ৫ এর পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ৫ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“৫। আমদানিকৃত উপকরণের ক্ষেত্রে আইনের ধারা ২৮ অনুযায়ী মুসক আরোপযোগ্য মূল্য উপকরণের ক্রয়মূল্য হিসেবে বিবেচিত হইবে।”;

(২) ফরম “মুসক-৯.১” এর—

(ক) Part-4: PURCHASE - INPUT TAX এর Nature of Purchase কলামে উল্লিখিত Goods/Service Based on Specific VAT এবং ইহার বিপরীতে কলামসমূহে উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

Goods/Service Based on Specific VAT	Local Purchase	18		Sub-form
	Import	18a		Sub-form

(৬৫৪৯)

মূল্য : টাকা ২০.০০

(খ) Sub-form : (for note - 1, 2, 11, 13, 15, 17 and 22) এর পরিবর্তে নিম্নরূপ Sub-form প্রতিস্থাপিত হইবে, যথা:—

“Sub-form for Export/Import (for note - 1, 2, 11, 13, 15, 17, 18a and 22)

Serial No.	Invoice/ B/E No	Date	Office Code	Item No	CPC (Optional)	Goods/ Service Commercial Description	Goods/ Service Code	Goods/ Service Name	Assessable Value	Base Value of VAT	SD	VAT	AT	Note
1	2	3	4	5	6	7	8	9	10	11	12	13	14	15

৬৫৫০

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, জুন ২৬, ২০২৫

(গ) মূসক দাখিলপত্র পূরণের নির্দেশিকা এর ফরম মূসক-৯.১ (মূসক দাখিলপত্র) পূরণের পদ্ধতির অংশ-৪: ক্রয়-উপকরণ কর এর—

(অ) ক্রমিক নং/নোট ১৮ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ ক্রমিক নং/নোট ১৮ক এবং এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:—

১৮ক	সুনির্দিষ্ট কর ভিত্তিক পণ্য/সেবা- আমদানি	- অনলাইনে পেশের ক্ষেত্রে যেই সকল ঘোষণাপত্র দ্বারা সুনির্দিষ্ট কর ভিত্তিক পণ্য ও সেবা আমদানি করা হইয়াছে সেই গুলির সুনির্দিষ্ট কর ব্যতীত মূল্য এই ঘরে লিখিতে হইবে। মূল ফরমে কোন তথ্য পূরণের সুযোগ নাই। সাবফর্মে তথ্য প্রদানের জন্য ৬ নং এর অনুরূপ প্রক্রিয়া অনুসরণ করিতে হইবে। সাবফর্মের যোগফলগুলি শুধুমাত্র মূল দাখিলপত্রে সংক্ষিপ্তসার হিসাবে প্রদর্শিত হইবে। - কাগুজে পেশের সময়, প্রথমে সাবফর্মের তথ্যগুলো পূরণ করিতে হইবে। সাবফর্মের যোগফলগুলি শুধুমাত্র মূল দাখিলপত্রে সংক্ষিপ্তসার হিসাবে পূরণ করিতে হইবে।
-----	---	--

(আ) ক্রমিক নং/নোট ২৩ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং/নোট ২৩ এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

২৩	মোট উপকরণ কর রেয়াত	- এটি মোট উপকরণ কর রেয়াত এর হিসাব। কাগুজে পেশের সময় যোগফল লিখিবেন। যোগফলের নিয়ম: $২৩(ক) = ১০(ক) + ১১(ক) + ১২(ক) + ১৩(ক) + ১৪(ক) + ১৫(ক) + ১৬(ক) + ১৭(ক) + ১৮(ক) + ১৮ক(ক) + ১৯(ক) + ২০(ক) + ২১(ক) + ২২(ক)$ $২৩(খ) = ১৪(খ) + ১৫(খ) + ১৬(খ) + ১৭(খ) + ১৮(খ) + ১৮ক(খ)$ - অনলাইনে পেশের ক্ষেত্রে সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে মোট উপকরণ কর মূল্য ও মোট উপকরণ কর রেয়াত এর পরিমাণ নির্ধারণ করিবে।
----	------------------------	---

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৫ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

ড. মোঃ আব্দুর রউফ

সদস্য (মূসক নীতি)।